

পরিকল্প নং ২০৬
সঞ্চয়ী তিন কিস্তি বীমা পরিকল্প

এই পরিকল্পে বীমার টাকা তিন কিস্তিতে পরিশোধ করার ব্যবস্থা রয়েছে। ফলে বীমাগ্রাহক ভবিষ্যতে একাধিকবার অনাকাঙ্ক্ষিত আর্থিক প্রয়োজন মেটাতে সক্ষম হবেন এবং জীবিত অবস্থায় ধাপে ধাপে বীমার টাকা লাভজনক খাতে কিংবা গঠনমূলক কাজে খাটাতে পারবেন। তাছাড়া মেয়াদের মধ্যে বীমাবৃত্তের অকাল মৃত্যুতে পুরো বীমা অংকের টাকা পরিশোধ করা হয়। এই পরিকল্পের অধীনে ১২ বছর মেয়াদী পলিসি গ্রহণ করা যায়। বীমা অংক সর্বনিম্ন ১৫,০০০/- টাকা ও সর্বোচ্চ ২,০০,০০০/- টাকায় নেয়া যায়। নির্দিষ্ট মেয়াদের মধ্যে প্রতি চার বছর পর পর অর্থাৎ ৪ ও ৮ বছর শেষে বীমা অংকের ৮% করে সর্বোচ্চ ১৬% এবং মেয়াদ পূর্তিতে বোনাসসহ অবশিষ্ট বীমা অংক প্রদান করা হবে। মেয়াদ পূর্তির পূর্বে এক বা একাধিক কিস্তির টাকা প্রদান করার পরও যদি বীমাবৃত্তের মৃত্যু ঘটে তবুও বীমা অংকের সম্পূর্ণ টাকা অর্জিত বোনাসসহ মনোনীতককে পরিশোধ করা হবে।